

০২ মে ২০২৩

তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগে স্ব-খরচে প্রফেশনাল মাস্টার্স ইন ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরি  
ম্যানেজমেন্ট প্রোগ্রামের ২য় ব্যাচে (জুলাই-ডিসেম্বর ২০২৩) ভর্তির প্রাথমিক নির্দেশিকা।

- ০১। প্রোগ্রামটি ০৬ মাস করে ৪টি সেমিস্টারে মোট ২৪ মাস মেয়াদী। প্রতি সেমিস্টার শেষে ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- ০২। ভর্তির যোগ্যতা: যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম স্নাতক ডিগ্রী। সনাতন পদ্ধতির ক্ষেত্রে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি এবং গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে সিজিপিএ ২.৫-এর নিচে আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ০৩। ভর্তি ফরম ০৮ জুন ২০২৩ বৃহস্পতিবার পর্যন্ত প্রোগ্রাম অফিস (কক্ষ নং-১০২০) তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, কলাভবন, ঢাকা বিশ্ববিদ্যালয় অথবা বিভাগের ওয়েবসাইট (<https://Ln.run/NCLg7> or <https://ln.run/M3yyL>) থেকে পাওয়া যাবে। Legal Size-কাগজে প্রিন্টকৃত ফরম যথাযথভাবে পূরণ করে সকল পরীক্ষা পাসের মার্কশীটের সত্যায়িত ফটোকপি এবং ০২ কপি পাসপোর্ট সাইজ ছবি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। সঠিকভাবে পূরণকৃত ভর্তি ফরম ও নগদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা ফি বর্ণিত সময়ের মধ্যে জমা দিয়ে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
- ০৪। সপ্তাহের প্রতি বৃহস্পতি, শুক্র ও শনিবার ক্লাস অনুষ্ঠিত হবে।
- ০৫। কোর্স ফি সর্বমোট ১৩০,০০০/- (এক লক্ষ ত্রিশ হাজার) টাকা।  
ক. ভর্তির সময় রেজিস্ট্রেশন ও প্রথম সেমিস্টার ফি বাবদ = ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা।  
খ. পরবর্তী প্রতি সেমিস্টারে ৩০,০০০/- (ত্রিশ হাজার)×০৩ সেমিস্টার = ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা।
- ০৬। সেমিস্টার পরীক্ষার ফি (প্রতি সেমিস্টার ৫০০০×০৪ সেমিস্টার) সর্বমোট ২০,০০০/- (বিশ হাজার) টাকা। প্রতি সেমিস্টার পরীক্ষার ফরম পূরণের সময় উক্ত সেমিস্টারের পরীক্ষার ফি প্রদান করতে হবে
- ০৭। আগামী ১০ জুন ২০২৩ শনিবার সকাল ১০:০০টায় ভর্তি পরীক্ষা (৫০ নম্বরের লিখিত ও ১০ নম্বরের মৌখিক) অনুষ্ঠিত হবে। প্রশ্নের ধরন হবে MCQ ও রচনামূলক (সাধারণ জ্ঞান, বাংলা ও ইংরেজি)। সময় ১ ঘন্টা।
- ০৮। ভর্তি পরীক্ষার ফলাফল (লিখিত ও মৌখিক) ১২ জুন ২০২৩ সোমবার বিভাগীয় নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশ করা হবে।



(ড. মো. আনোয়ারুল ইসলাম)  
কো-অর্ডিনেটর, প্রফেশনাল মাস্টার্স প্রোগ্রাম (৩য় ব্যাচ)  
তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ  
ঢাকা বিশ্ববিদ্যালয়।